ভোরের কাগজ

JUN 24 2002

### ব্রিটিশ কাউন্সিল ও ডব্লিউবিএল-এর বিতর্ক উৎসবে মেয়র খোকা

# শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষামূলক বিতর্ক কার্যক্রমের সম্প্রসারণ প্রয়োজন

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা সিটি করপোরেশনের মেয়র সাদেক হোসেন খোকা দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষামূলক বিতর্ক কার্যক্রম সম্প্রসারণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন।

ব্রিটিশ কাউন্সিল অডিটোরিয়ামে গতকাল সকালে ওয়ার্কিং ফর বেটার লাইফ (ডব্লিউবিএল) এবং ব্রিটিশ কাউন্সিল আয়োজিত দেশব্যাপী বিতার্কিম উৎসবের উদ্বোধনী বক্তৃতায় মেয়র ঐ আহ্বান জানান।

সাদেক হোসেন খোকা বলেন, ডব্লিউবিএল এ অনুষ্ঠানের মধ্য দিয়ে ভবিষ্যৎ প্রজন্মের জন্য যে দিক নির্দেশনা দিয়েছে তা একটি জাতির উন্নয়নে খুবই গুরুত্বপূর্ণ। তিনি সময়ের প্রয়োজনে বিজ্ঞানের অগ্রগতির সঙ্গে সঙ্গে প্রত্যেককে বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে যাওয়ারও আহ্বান জানান।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে দেশব্যাপী স্কুল কম্পিউটার শিক্ষা প্রকল্পের উদ্বোধন করেন শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম. এহসানুর হক মিলন।

শিক্ষা প্রতিমন্ত্রী সারা বাংলাদেশের স্কুলগুলোতে বিতর্ক কার্যক্রম ছড়িয়ে দেওয়ার এবং ডব্লিউবিএল অন্তর্ভুক্ত সকল স্কুলগুলোকে এই কার্যক্রমের সঙ্গে শরিক হওয়ার আহ্বান জানান। তিনি ডব্লিউবিএল-এর অন্তর্ভুক্ত স্কুলগুলোতে সরকারের পক্ষ থেকে ১টি করে কম্পিউটার দেওয়ার ঘোষণা দেন এবং ডব্লিউবিএল-এর প্রাথমিক কর্মসূচির অংশ হিসেবে ৪০টি কম্পিউটারের কাগজপত্র ৪০টি স্কুলকে প্রাথমিকভাবে তাদের কম্পিউটার শিক্ষা কার্যক্রম শুরু করতে যাচ্ছে।

অনুষ্ঠানে ক্ষুদ্রে বিতার্কিকরা শিক্ষা, স্বাধীনতা, ভাইবোনের সমান অধিকারসহ মোট ২৩টি বিতর্কের ইস্যু মন্ত্রীর সামনে উপস্থাপন করেন এবং এগুলো পর্যায়ক্রমে বিভিন্ন স্কুলে অনুষ্ঠিত হবে বলে তারা জানান।

অনুষ্ঠানে ব্রিটিশ কাউন্সিল আয়োজিত কানেকিটং ফিউচার ফোরাম কর্মশালায় অংশগ্রহণকারী বাংলাদেশের ২ জন প্রতিনিধি লন্ডনে তাদের বিভিন্ন অভিজ্ঞতার কথা বর্ণনা করেন। এরা হচ্ছেন বশির আহমেদ এবং সালমা ছিদ্দিকী।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে ব্রিটিশ কাউন্সিলের পরিচালক কার্ল রয়টার উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন ডব্লিউবিএল-এর নির্বাহী পরিচালক মোস্তফা শিবলী।